# সুরক্ষা বার্তা

প্রকাশনায়, শিশু সুরক্ষা প্রকল্প

৪৯তম সংস্করণ, এপ্রিল ০৩, ২০২২ খ্রিঃ, কক্সবাজার জেলায় অবস্থানরত স্থানীয় ও রোহিঙ্গা জনগোষ্ঠীর শিশু, কিশোর-কিশোরী, যুবাদের (মেয়ে ও ছেলে) আত্মোন্নয়নের মাধ্যমে প্রাণোচ্ছল ও সুরক্ষিত পরিবেশ সম্প্রসারণমূলক প্রকল্প, কোস্ট উখিয়া রিলিফ অপারেশন সেন্টার, উখিয়া, কক্সবাজার

ইউনিসেফ-এর সহযোগিতায় কোস্ট কক্সবাজার জেলার স্থানীয় ও ক্যাম্পে বসবাসরত রোহিঙ্গা জনগোষ্ঠীর শিশু, কিশোর-কিশোরী, যুবাদের (মেয়ে ও ছেলে) আত্মোন্নয়নের মাধ্যমে প্রাণোচ্ছল ও সুরক্ষিত পরিবেশ সম্প্রসারণমূলক প্রকল্প উখিয়া ও টেকনাফ উপজেলার ৮টি ক্যাম্প এবং ৩টি ইউনিয়নে বাস্তবায়ন করে আসছে। প্রকল্পটির মেয়াদ ০১ জানুয়ারি ২০২১ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২২খ্রিঃ পর্যন্ত। প্রকল্পটি শিশু, কিশোর-কিশোরী ও যুবাদের সুরক্ষায় কেইসম্যানেজমেন্ট সেবা, মনোসামাজিক সেবা, জীবন দক্ষতা, প্রি-ভোকেশনাল প্রশিক্ষণ, ফলোআপ সেবা, সোস্যালহাব এবং শিশুসুরক্ষার ঝুঁকি হ্রাসে সচেতনতামূলক ক্যাম্পেইন, রেফারেল সেবাসহ বিভিন্ন সেবা প্রদান করছে,যা প্রকল্পের সুবিধাভোগীদের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়নে অবদান রাখছে।

## গ্র্যাজুয়েট কিশোরীরা সফলভাবে পণ্য উৎপাদন ও আয়বর্ধনমূলক কার্যক্রমে যুক্ত হলো



*সাত জন গ্র্যাজুয়েট কিশোরী গণ-উন্নয়ন কেন্দ্রের উইমেন লেড কমিউনিটি সেন্টারের কার্যক্রমের সাথে সফল ভাবে যুক্ত হলো, ছবি: রবিউল ইসলাম, জালিয়াপালং*

কোস্ট ফাউন্ডেশনে ১০ থেকে ১৮ বছর পর্যন্ত বয়সের কিশোর-কিশোরীদের বিভিন্ন সেবা প্রদান করা হয়। উক্ত সেবাগুলোর মধ্যে রয়েছে জীবন দক্ষতা ভিত্তিক শিক্ষা কার্যক্রম, মনোসামাজিক সহায়তা সেশন এবং তাদের দক্ষতা উন্নয়নের জন্য কম্পিউটার ট্রেইনিং, স্যানিটারি প্যাড প্রশিক্ষণ এবং টেইলারিং প্রশিক্ষণ। জানুয়ারী ২০২১ ইং তারিখ থেকে কিশোর- কিশোরীদের আত্মকর্মসংস্থান এবং তাদের তৈরীকৃত পণ্য বাজারজাত করণের উদ্দেশ্যে ডিসপ্লে- সেন্টারের কার্যক্রম শুরু করা হয়। ডিসপ্লে- সেন্টারের উদ্দেশ্য হচ্ছে প্রশিক্ষণ সম্পন করা কিশোর কিশোরীদের তৈরীকৃত পণ্যসমূহ বাজারজাতকরণ, উন্নত প্রশিক্ষণ এবং বিভিন্ন আয়মূলক পণ্য তৈরীতে তাদেরকে সংযুক্ত করা। এই কার্যক্রমের অংশ হিসেবে গণ-উন্নয়ন কেন্দ্রের Women Led Community Centre কো-অর্ডিনেটর লিপিকা শর্মা উখিয়া ডিসপ্লে- সেন্টার এবং রত্নাপালং মাল্টিপারপাস সেন্টার পরিদর্শন করে এবং কিশোরীদের উৎপাদিত মাস্কের গুণগত মান যাচাই করে ৭ জন দক্ষ কিশোরীকে চিহ্নিত করেন। পরবর্তীতে তিনি রত্নাপালং ইউনিয়নে বেশ কিছু বেসরকারি সংস্থা কার্যক্রম পরিদর্শন করেন, তাদের সাথে আলোচনা করে দক্ষ কিশোরীদের স্থানীয় বাজার ব্যবস্থার সাথে সংযুক্তকরণ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করেন। এর পরিপ্রেক্ষিতে লিপিকা শর্মা ৭ জন দক্ষ কিশোরীকে গণ উন্নয়ন কেন্দ্রের কার্যক্রমের সাথে যুক্ত করতে সম্মত হন। পরবতীতে ২১ অক্টোবর২০২১ খ্রিঃ তারিখে রত্নাপালং মাল্টিপারপাস সেন্টারের গ্র্যাজুয়েট ৭ জন কিশোরী গণ উন্নয়ন কেন্দ্রের Women Led Community Centre এর কার্যক্রম সাথে সফলভাবে যুক্ত হয়। উক্ত কার্যক্রমের সাথে যুক্ত থাকার কারণে তারা মাসিক ৭২০০থেকে ৭৫০০ টাকা আয় করতে পারবে যা তাদের পরিবার এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## রাফি এখন কম্পিউটার ব্যবহারের মাধ্যমে সহজে শিখতে পারছে



*কম্পিউটারে বসে বাড়ির কাজ করছে রাফি। ছবি: সাইফুল ইসলাম*

কোস্ট ফাউন্ডেশনের শিশু সুরক্ষা প্রকল্পে ১০ থেকে ১৮ বছর বয়সের কিশোর-কিশোরীদের বিভিন্ন সেবা প্রদান করে থাকে। উক্ত সেবাগুলোর মধ্যে রয়েছে জীবন দক্ষতা ভিত্তিক শিক্ষা কার্যক্রম, মনোসামাজিক সহায়তা সেশন এবং তাদের দক্ষতা উন্নয়নের জন্য কম্পিউটার প্রশিক্ষণ, স্যানিটারি প্যাড তৈরী প্রশিক্ষন এবং সেলাই

প্রশিক্ষণ ইত্যাদি। শিশু সুরক্ষা প্রকল্পের উখিয়া রত্নাপালংয়ে অবস্থিত কোস্ট মাল্টিপারপাস সেন্টার থেকে কম্পিউটার প্রশিক্ষণ পেয়েছে তানভীর হাসান রাফি (১৭) । তানভীর হাসান রাফি এখন উখিয়া ডিগ্রি কলেজে এইচএসসি ২য় বর্ষের ছাত্র। রাফি ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণ থেকে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্টে এবং বেসিক ইন্টারনেট ব্রাউজিং সম্পর্কে শিখেছে। তানভীর কম্পিউটার কোর্সটি সফলতার সাথে সম্পন্ন করেছেন এবং প্রশিক্ষণ শেষে সংস্থার পক্ষ থেকে মূল্যায়ন করে তার ভাল ফলাফলের জন্য তাকে ৯০০০ টাকা নগদ সহায়তা প্রদান করা হয়েছে। তার বাবা মাহবুব আলম তার লেখাপড়া এবং ভবিষ্যৎ জীবন নিয়ে খুবই সচেতন। রাফি কোস্ট সহায়তার টাকাসহ তার বাবা দেয়া টাকা দিয়ে একটি ডেস্কটপ কম্পিউটার কিনেছে। এই কম্পিউটার দিয়ে সে এখন পড়াশোনার অনেক কিছু জানতে পারে। রাফি বলেন,আমার মতো অন্যান্য কিশোর কিশোরীরাও যদি সহায়তা পায় তাহলে প্রতিটি শিক্ষাথী বিশ্ব সম্পর্কে জানতে পারবে এবং তাদের শেখার মান উন্নত করতে পারবে"। তার মা রেহানা আক্তার বলেন, "ডেস্কটপ কম্পিউটার পেয়ে রাফি খুবই খুশি"। তিনি এই ধরনের প্রশিক্ষণ এবং নগদ সহায়তা কার্যক্রমের জন্য কোস্ট এবং ইউনিসেফকে ধন্যবাদ জানান।

## কিশোর এনায়েত উল্লাহ হারানো চোখের আলো ফিরে পাচ্ছে




*কোস্ট শিশু সুরক্ষা প্রকল্পের কেইস ওয়ার্কারের মাধ্যমে চোখের ডাক্তার দেখানো হয়। ছবি: সাজিয়া খানম নিপা*

শিশু সুরক্ষা প্রকল্পের কেইস মানেজমেন্ট সেবার অধীনে অধিক ঝুঁকিপূর্ণ শিশুদের চিহ্নিত করে তাদের মূল্যায়নের মাধ্যমে বিভিন্ন ধরনের সেবা জন্য সহযোগীতা করে আসছে কেইস ওয়ার্কারবৃন্দ, ২৮শে জানুয়ারী ২০২২ খ্রিঃ পর্যন্ত সর্বমোট ৬১০ টি কেইস রেজিস্টার করা হয়েছে যার মধ্যে প্রায় সমাধান হয়েছে। মোহাম্মদ এনায়েত উল্লাহ (১৬) পিতা-মাহবুব আলম, মাতা-মৃত,নুর জাহান, সি ব্লক, সে ২০২১ সালের শেষে দিকে ক্যাম্প ৮ই ১নং মাল্টিপারপাস সেন্টারে নিয়মিত ভাবে অংশগ্রহণ করেছে। শিশু কালে মা মারা যাওয়া পর বাবা আবার বিয়ে করেন। তার সৎ মা তাকে খুব অবহেলা করে মানসিক নির্যাতনে রাখে ফলে ছোটবেলা থেকে অপুষ্টিতে ভোগে এবং তার দৃষ্টি শক্তি কমতে থাকে। কোস্ট ফাউন্ডেশন এর মাল্টিপারপাস সেন্টারে আসার ফলে সে কেইসসহ বিভিন্ন সেবা বিষয়ের জানতে পারে এবং তার সমস্যাগুলো জানায়। সেই কোন লেখা দেখে পড়তে পারতোনা বিশেষ করে রাতে বেলায় চোখে একদম দেখতে পেতনা, চোখ দিয়ে পানি পড়তো। কেইস ওয়ার্কার সাজিয়া খানম নিপা তার এই সমস্যাগুলো মূল্যায়ণের পর ক্যাম্প ১২ তে অরবিট হাসপাতালে রেফার করেন এবং সেখানকার ডাক্তার তার চোখ পরীক্ষা করে চশমা ব্যবহার করতে হবে জানান এবং একটা চশমা এবং প্রয়োজনীয় ঔষধ প্রদান করেন। বর্তমানে সে জানায় সবকিছু স্পষ্ট দেখে এবং সে খুব খুশি। তাই তার পরিবার কোস্ট ফাউন্ডেশনকে ধন্যবাদ জানান এধরনে সহযোগীতা না করলে তার চোখে আলো হয়তো চিরতরে নিভে যেত।

**একনজরে প্রকল্প মেয়াদে বাস্তবায়িত র্কাযক্রম**

| কাজ সমুহ | লক্ষ্য | র্অজন |
|---|---|---|
| মনোসামাজিক সহায়তা | ১২৪৮০ | ১৩৪৭৫ |
| কেইস ম্যানেজমেন্ট সেবা | ৬০০ | ৬১০ |
| জীবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ৪৮০০ | ৪৮০০ |
| পিয়ার লিডার | ১০০ | ১৪৪ |
| ন্যূনতম শিক্ষণ দক্ষতা অর্জন | ৬৩০০ | ৪৬৪৬ |
| কারিগরি প্রশিক্ষণ | ৪৮০০ | ৪৮০০ |
| ইউ-রিপোর্টার | ৩৩০ | ৩৩০ |
| কোভিড - ১৯ সচেতনতা | ২২০৮৯ | ২৩৫৯৫ |
| যৌণ শোষণ প্রতিরোধ প্রশিক্ষণ | ৬২ | ৬৬ |
| স্যোশাল চেইঞ্জ এজেন্ট | ২৭৫ | ২৭৫ |
| স্যোশাল চেইঞ্জ এজেন্টদের দক্ষতা উন্নয়ন | ৩২৪৫ | ৩২৫১ |

*এই প্রকাশনাটি তৈরীতে প্রকল্পের সকল পর্যায়ের সহর্কমীগণ তথ্য এবং ছবি দিয়ে সহযোগীতা করেছেন।*

**কোস্ট শিশুসুরক্ষা প্রকল্প, উখিয়া রিলিফ অপারেশন সেন্টার, উখিয়া, কক্সবাজার।**
**যোগাযোগ: ০১৭০৮১২০৩৩১ ,ইমেইল: razaul@coastbd.net**